**Bhavan's Tripura Vidyamandir**

1st Periodic Assessment : (2025-2026)

**Class:- 6** **Subject: Bengali**

**Time:- 2 Hours** **Total : 50 Marks**

Name of the student : Roll : Sec:

---

1) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লিখ : **1X4=4**

আমরা যেসব রকমারি মাছের সঙ্গে পরিচিত, সাধারণত অনেকেই তারা নিরীহ প্রকৃতির। তবে তাদের মধ্যে কেউ কেউ হয়তো উদরপূরণ বা আত্মরক্ষার জন্য হিংস্রতার আশ্রয় গ্রহণ করে থাকে। কিন্তু যাদের কথা বলছি, সে মাছগুলোর হিংস্রতার কথা শুনে তোমরা বিস্ময়ে অবাক হয়ে যাবে, অভাবনীয় হিংস্রতার জন্যই এগুলোকে 'রাক্ষুসে মাছ' বলছি। আমাদের দেশের চিতল মাছের কথা তোমরা সবাই জানো। এ মাছগুলোর প্রকৃতিও হিংস্র। ডিম পাড়বার সময় এদের উগ্রতা বৃদ্ধি পায়। তখন কারণে-অকারণে এরা মানুষকেও আক্রমণ করতে ছাড়ে না। কিন্তু তাদের এ আক্রমণ সম্পূর্ণ আত্মরক্ষামূলক। কিন্তু রাক্ষুসে মাছের উগ্র হিংস্রতা সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির। ছোটো ছোটো প্রাণীদের তো কথাই নেই, হাঙর-কুমির, গোরু-ঘোড়া থেকে মানুষ পর্যন্ত যাকে হাতের কাছে পায়, তাকেই এরা দলবদ্ধভাবে আক্রমণ করে মুহূর্তের মধ্যে নিঃশেষ করে ফেলে।

ক) রকমারি মাছের মধ্যে অনেকেই সাধারণত--

a. সাহসী b. ভীরু

c. নিরীহ d. চালাক

খ) রাক্ষুসে মাছ প্রকৃতিতে হয়--

a. নিরীহ প্রকৃতির b. শান্ত প্রকৃতির

c. রাগী প্রকৃতির d. হিংস্র প্রকৃতির

গ) চিতল মাছের উগ্রতা কখন বৃদ্ধি পায়?

a. বাচ্চা দেওয়ার সময় b. ডিম পাড়ার সময়

c. খাওয়ার সময় d. সব সময়

ঘ) 'সম্পূর্ণ' শব্দের বিপরীত শব্দ লিখ?

a. অপূর্ব b. অসম্পূর্ণ

c. অপরিপূন্য d. পরিপূর্ণ

2) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দাও: **3X2=6**

ক) কে ,কীভাবে হারানো বালা উদ্ধার করে?

খ) কখন সবার মাছ ধরার শখ বেড়ে যায় ?

3) নীচের যেকোনো একটি রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও: **5X1=5**

ক) "একদিন মহা হইচই।"- কী জন্য হইচই হয়েছিল ? এর ফলে কী হয়েছিল?

খ) "জলঙ্গি তুই তাহলে এখনো বেঁচে আছিস?"-বক্তা কে ? জলঙ্গি কে ?বক্তা কেন এই কথা বলেন?

4) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দাও: **3X2=6**

ক) বৃষ্টিতে কী কী খেলতে ভালো লাগে ?

খ) কবির কাছে মৃত্যু কেমন ?

5) নীচের যেকোনো একটি রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও: **5X1=5**

ক) "রূপসী বাংলা যেন বুকের উপর জেগে থাকে"- তাৎপর্য ব্যাখ্যা কর।

খ) কেন ইস্কুল পড়ুয়া ছেলেমেয়েরা বৃষ্টিকে আহবান করছে ?

6) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ: **1X4=4**

ক) লীলা মজুমদারের প্রথম প্রকাশিত গল্পের নাম কী?

a) প্রতিদিন b) একদিন c) আলোছায়া d) লক্ষ্মীছাড়া

খ) কী ঝরে পড়ে ?

a) সীমান্ত b) নক্ষত্র c) আকাশ d) চাঁদ

গ) কীভাবে কবির মৃত্যু ঘটে?

a) পথ দুর্ঘটনায় b) দীঘায় c) প্রচন্ড রোগে d) আসামে

ঘ) বৃষ্টি হলে পৃথিবীটা কেমন লাগে?

a) ছোট্ট লাগে b) বড় মনে হয় c) আলোময় মনে হয়. d) বিরক্ত লাগে

7) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও : (যেকোনো চারটি) **1X4=4**

ক) পরানকে কে কামড়ে দেয় ?

খ) এই পুকুরে এখনও কী ডুবিয়ে রাখা যায় ?

গ) কবি কোথায় মরতে চান ?

ঘ) বৃষ্টি কখন হলে ভালো হয় ?

ঙ) বৃষ্টিতে কেন দিন নষ্ট হয়?

8) নীচের পাঠ্য ব্যাকরণগত প্রশ্নগুলোর উত্তর দাও:

ক) শব্দার্থ লিখ : **1X2=2**

বারণ, মজা,

খ) বিপরীতশব্দ লিখ: **1X2=2**

বন্ধ, নকল,

গ) পদান্তর কর : **1X2=2**

আকাশ, ভার,

9) নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও:

ক) মাতৃভাষা কাকে বলে ? **2**

খ) বর্ণ কত প্রকার ও কী কী? **2**

গ) উষ্ম বর্ণের দুটি উদাহরণ দাও। **2**

10) নীচের সংকেত গুলি পড়ে শিরোনাম ও নীতিকথা সহ একটি গল্প রচনা কর : **4X1=4**

এক বৃদ্ধ রজক ও তার পুত্র একটি গাধা নিয়ে যাচ্ছিল- কয়েকটি স্ত্রীলোক বলল ওদের একজন তো চড়ে গেলে পারে- গাধার পিঠে পুত্র চড়ল- কয়েকটি বৃদ্ধের কথায় পুত্রের পরিবর্তে পিতা গাধার পিঠে চড়লো – পিতা পুত্র গাধাকে নিয়ে বয়ে চলল- ।